

# শাবি শিক্ষার্থীদের সঙ্গে স্থানীয়দের সংঘর্ষ

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৯:০৭, ১৬ জুন ২০২৩



শিক্ষার্থী ও স্থানীয়দের মধ্যে সংঘর্ষ।

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও স্থানীয়দের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও ইটপাটকেল নিক্ষেপসহ সংঘর্ষের ঘটনা ঘটেছে।

শুক্রবার (১৬ জুন) বিকেল ৫টা থেকে ধাওয়া-পাল্টা ধাওয়া শুরু হয়। উভয়পক্ষের মধ্যে দেশীয় অস্ত্র নিয়ে মহড়া ও ইটপাটকেল ছোড়া হয়।

বহিরাগত প্রবেশে নিষেধ করাকে কেন্দ্র করে এই ঘটনা ঘটে। পরিস্থিতি নিয়ন্ত্রণে কাজ করছে পুলিশ।

এ সময় বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক এবং প্রধান ফটক সংলগ্ন দোকানপাট ভাঙচুর করা হয়। এ ঘটনায় বেশ কয়েকজন শিক্ষার্থী আহত হয়েছেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে কাজ করছে পুলিশ।